অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৬

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৪
১৮ ফেব্রুয়ারি ২০১৮

**বিষয়: ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/স্থগিত ইউনিয়নের নির্বাচন ও শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সংযুক্ত তালিকা (সংলগ্নী-১ ও সংলগ্নী-২) এ উল্লিখিত বিভিন্ন ইউনিয়নের সাধারণ নির্বাচন, বিভিন্ন কারণে স্থগিত ইউনিয়ন পরিষদের নির্বাচন ও শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:

২। **নির্বাচনি সময়সূচি :** যেসব ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নতুনভাবে সময়সূচি জারি করার প্রয়োজন রয়েছে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ সময়সূচি অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট অথবা অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০১ মার্চ ২০১৮<br>১৭ ফাল্গুন ১৪২৪ | ( বৃহস্পতিবার ) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪-০৫ মার্চ ২০১৮<br>২০-২১ ফাল্গুন ১৪২৪ | ( রবিবার-সোমবার ) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১২ মার্চ ২০১৮<br>২৮ ফাল্গুন ১৪২৪ | ( সোমবার ) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ২৯ মার্চ ২০১৮<br>১৫ চৈত্র ১৪২৪ | **(বৃহস্পতিবার)** |

৩। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **০৮ মার্চ ২০১৮** এবং দায়েরকৃত আপিল **১১ মার্চ ২০১৮** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **১২ মার্চ ২০১৮** এবং এর পরের দিন অর্থাৎ ১৩ মার্চ ২০১৮ তারিখে প্রতীক বরাদ্দের কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৪। **সময়সূচির প্রজ্ঞাপন জারি :** যেসকল ইউনিয়নে নতুন করে সময়সূচি ঘোষণার প্রয়োজন রয়েছে, সেসকল ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে উল্লিখিত সময়সূচি অনুযায়ী সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ বিধি ১০ অনুসারে পূর্বে প্রদত্ত নমুনায় প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের ব্যবস্থা করবেন। অন্যান্য ক্ষেত্রে ইতঃপূর্বে বিজ্ঞপ্তি সংশোধনি বা স্থলাভিষিক্ত করে জারিকৃত প্রজ্ঞাপন আকারে গেজেটে প্রকাশ করতে হবে।

৫। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে বা ক্ষেত্রমত, প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মকর্তাগণের মধ্য হতে একজন করে কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে। সাধারণ নির্বাচনের সময়ে নিয়োগকৃত রিটার্নিং অফিসারের মাধ্যমে স্থগিত ইউনিয়নের নির্বাচন সম্পন্ন করতে হবে। তবে ইতোমধ্যে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্বপালনকারী কোন কর্মকর্তা বদলি হয়ে থাকলে উক্ত পদে যিনি দায়িত্বপালন করছেন অথবা যাকে পদায়ন করা হয়েছে তাকে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশনা দিতে হবে। উক্ত পদে বদলির পর কোন কর্মকর্তা পদায়ন করা না হলে অন্য কোন উপযুক্ত কর্মকর্তাকে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব দিতে হবে। সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা এ বিষয়ে প্রয়োজনীয় আদেশ/নির্দেশনা জারি করবেন। উল্লেখ্য যে, যেসব ইউনিয়নের সাধারণ নির্বাচনের সময়সূচি ঘোষণা করা হয়েছে সেগুলোর জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করতে হবে। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তাকে ৩টির অধিক ইউনিয়ন পরিষদের নির্বাচনের রিটার্নিং অফিসারের দায়িত্ব দেয়া যাবে না। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তার অন্যকোন নির্বাচনের গুরুত্বপূর্ণ দায়িত্ব (যেমন- জাতীয় সংসদ/পৌরসভার সহকারী রিটার্নিং অফিসার) থাকলে তাকে উল্লিখিত রিটার্নিং অফিসারের দায়িত্ব দেয়া যাবে না। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তা প্রশিক্ষণ বা অন্যকোন গুরুত্বপূর্ণ দায়িত্ব থাকলে তার স্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করে বা অন্যান্য দায়িত্ব প্রদান করে নির্বাচন সম্পন্ন করতে হবে। যেসকল উপজেলায় ৩টির অধিক ইউনিয়নের নির্বাচন প্রয়োজন হবে সেগুলোতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি ও ইতঃপূর্বে গৃহীত নীতিমালা অনুসারে পদ্ধতিগতভাবে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন, মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ, প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিনসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র বাছাই ও মনোনয়নপত্র বাছাই বা গ্রহণের বিরুদ্ধে দায়েরকৃত
আপিল নিস্পত্তি না হওয়া পর্যন্ত এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট বিধান এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে পত্রের মাধ্যমে রিটার্নিং অফিসার অবহিত করবেন।

৮। রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার ভালুকগাছী ও শিলমাড়ি ইউনিয়নের বিষয়ে রিট পিটিশন নং ১৭১২৩/২০১৭ এ ২৮ নভেম্বর ২০১৭ তারিখে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ সিপিএলএ নং ৪৪১৭/২০১৭ এ ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখে প্রদত্ত রুল নিস্পত্তি হওয়া পর্যন্ত স্থগিত করায় নতুন করে তফসিল ঘোষণা করে নির্বাচন অনুষ্ঠান করতে হবে। ইতোপূর্বে যাদের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়েছিল তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবেনা।

৯। **ভোটার তালিকার ব্যবহার :** ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা অনুসারে সর্বশেষ হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে।

১০। **ভোটকেন্দ্রের তালিকা :** ইতঃপূর্বে জারিকৃত নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

১১। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :**সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রতীক বরাদ্দের পর দিন সঠিক রয়েছে মর্মে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

১২। **অন্যান্য নির্দেশনা :** সংলগ্নী-১ ও সংলগ্নী-২ এ উল্লিখিত ইউনিয়নের সাধারণ নির্বাচন/স্থগিত সাধারণ নির্বাচন এবং শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের জন্য **২৯ মার্চ ২০১৮ (বৃহস্পতিবার)** ভোটগ্রহণের দিন নির্ধারণ করতঃ আইন ও বিধি মোতাবেক এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ধারা ৩৬ ও সংশ্লিষ্ট অন্যান্য ধারা এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫, ১০ ও অন্যান্য বিধি-বিধানসহ সংশ্লিষ্ট আইন-বিধিমালা এবং ইতোঃপূর্বে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদের জারিকৃত পরিপত্রসহ সকল নির্দেশনা অনুসরণপূর্বক নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে।

১৩। **প্রাপ্তি স্বীকার :** ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং স্থগিত ইউনিয়নে নির্বাচন ও শূন্য ঘোষিত পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে জারিকৃত এ নির্দেশনা প্রাপ্তি স্বীকারের জন্য এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অবহিতকরণের জন্য অনুরোধ করা হল।

১৮/২/২০১৮

**( ফরহাদ আহাম্মদ খান )**
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭৫২৮
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com

সংলগ্নী: উপরে বর্ণিত

বিতরণ: ১। জেলা প্রশাসক, ............................................................ (সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার, ..................................................... (সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, .............................................. (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৬

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৪
১৮ ফেব্রুয়ারি ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

৬. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়/নৌপরিবহণ মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)/কোস্টগার্ড, ঢাকা

৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৯. বিভাগীয় কমিশনার, ............................................................ (সকল)

১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ...................................................... (সকল রেঞ্জ)

১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৩. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৫. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৭. উপসচিব, ......................................................................... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৮. পুলিশ সুপার, ..................................................................... (সংশ্লিষ্ট)

১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................................................... (সকল)

২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,....................................... (সংশ্লিষ্ট)

২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..................................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. প্রোগ্রামার (উপাত্ত প্রক্রিয়াকরণ), সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও নির্বাচন সহায়তা-২/ আইন-৩), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৫. .......................................................................................রিটার্নিং অফিসার, (সংশ্লিষ্ট)

২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................................... (সংশ্লিষ্ট থানা)।

(মোঃ ফরহাদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯

## যে সকল ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/স্থগিত সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে তার তালিকা

## মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে/পুনর্গঠিত হওয়ার কারণে সাধারণ নির্বাচন/স্থগিত সাধারণ নির্বাচন

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | চুয়াডাঙ্গা | আলমডাঙ্গা | নাগদহ | মেয়াদ উত্তীর্ণের কারণে সাধারণ নির্বাচন |
| ২. | | | আইলহাঁস | |
| ৩. | | জীবননগর | বাঁকা | |
| ৪. | | | হাসাদাহ | |
| ৫. | | | রায়পুর | |
| ৬. | বরগুনা | তালতলী | শারিকখালী | মেয়াদ উত্তীর্ণের কারণে সাধারণ নির্বাচন |
| ৭. | পটুয়াখালী | কলাপাড়া | ডালবুগঞ্জ | মেয়াদ উত্তীর্ণের কারণে সাধারণ নির্বাচন |
| ৮. | | | চম্পাপুর | |
| ৯. | | দুমকী | শ্রীরামপুর | |
| ১০. | টাঙ্গাইল | ঘাটাইল | ধলাপাড়া | নবগঠিত ও পুনর্গঠিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন |
| ১১. | | | সাগরদিঘী | |
| ১২. | | | রসুলপুর | |
| ১৩. | | | লক্ষিন্দর | |
| ১৪. | | | সন্ধানপুর | |
| ১৫. | | | সংগ্রামপুর | |
| ১৬. | ফরিদপুর | ফরিদপুর সদর | ঈশান গোপালপুর | নবগঠিত ও পুনর্গঠিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন |
| ১৭. | | | চর মাধবদিয়া | |
| ১৮. | | | নর্থচ্যানেল | |
| ১৯. | | | আলিয়াবাদ | |
| ২০. | | | ডিক্রীচর | |
| ২১. | | | অম্বিকাপুর | |
| ২২. | | | কৃষ্ণনগর | |
| ২৩. | | | কানাইপুর | |
| ২৪. | | | কৈজুরী | |
| ২৫. | | | গেরদা | |
| ২৬. | গাজীপুর | সদর | ভাওয়ালগড় | মেয়াদ উত্তীর্ণের কারণে সাধারণ নির্বাচন |
| ২৭. | কুমিল্লা | বরুড়া | শিলমুড়ি দ: | নবগঠিত ও পুনর্গঠিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন |
| ২৮. | | | শিলমুড়ি উ: | |
| ২৯. | | | খোশবাস দক্ষিণ | |
| ৩০. | খাগড়াছড়ি পার্বত্য জেলা | দীঘিনালা | দীঘিনালা | মেয়াদ উত্তীর্ণের কারণে সাধারণ নির্বাচন |
| ৩১. | | | বাবুছড়া | |
| ৩২. | চট্টগ্রাম | সন্দ্বীপ | কালাপানিয়া | মেয়াদ উত্তীর্ণের কারণে সাধারণ নির্বাচন |
| ৩৩. | রাজশাহী | পুঠিয়া | ভালুকগাছি | স্থগিত সাধারণ নির্বাচন |
| ৩৪. | | | শিলমাড়ী | |

( মোঃ ফরহাদ হোসেন )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

# ইউনিয়ন পরিষদের শূন্য পদে উপনির্বাচনের তালিকা

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | রংপুর | পীরগাছা | ইটাকুমারী | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২. | | কাউনিয়া | বালাপাড়া | ১ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩. | | | শহীদবাগ | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪. | লালমনিরহাট | আদিতমারী | সাপ্টীবাড়ী | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৫. | গাইবান্ধা | সাদুল্যাপুর | কামারপাড়া | ৫ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৬. | | পলাশবাড়ী | হোসেনপুর | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৭. | | সুন্দরগঞ্জ | কঞ্চিবাড়ী | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৮. | কুড়িগ্রাম | ফুলবাড়ী | নাওডাঙ্গা | ১ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৯. | | নাগেশ্বরী | বামনডাঙ্গা | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১০. | | | ভিতরবন্দ | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১১. | ঠাকুরগাঁও | রাণীশংকৈল | লেহেম্বা | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১২. | নীলফামারী | ডোমার | সোনারায় | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৩. | সিরাজগঞ্জ | উল্লাপাড়া | হাটিকুমরুল | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৪. | বগুড়া | কাহালু | মালঞ্চা | চেয়ারম্যান |
| ১৫. | | ধুনট | গোসাইবাড়ী | ৫ নংসাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৬. | খুলনা | কয়রা | আমাদী | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৭. | কুষ্টিয়া | সদর | আলামপুর | ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১৮. | | দৌলতপুর | মরিচা | ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১৯. | ময়মনসিংহ | সদর | চর ঈশ্বরদিয়া | ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২০. | | | খাগডহর | ৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২১. | | | ঘাগড়া | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২২. | | গৌরীপুর | সিধলা | ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ২৩. | | নান্দাইল | নান্দাইল | ৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৪. | টাঙ্গাইল | ধনবাড়ী | পাইস্কা | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৫. | | সদর | মাহমুদনগর | চেয়ারম্যান |
| ২৬. | | গোপালপুর | হেমনগর | ১ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৭. | | দেলদুয়ার | এলাসিন | ২ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ২৮. | শেরপুর | নকলা | বানেশ্বরদী | ৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৯. | | | গৌরদ্বার | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩০. | | নালিতাবাড়ী | বাঘবেড় | ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৩১. | নেত্রকোণা | মোহনগঞ্জ | তেতুলিয়া | চেয়ারম্যান |
| ৩২. | নরসিংদী | শিবপুর | দুলালপুর | চেয়ারম্যান |
| ৩৩. | সিলেট | গোলাপগঞ্জ | বুধবারি বাজার | ৭নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৪. | | বিয়ানীবাজার | তিলপাড়া | ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৫. | | জকিগঞ্জ | কাজলসার | ৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৬. | মৌলভীবাজার | সদর | কনকপুর | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৭. | | রাজনগর | মুন্সীবাজার | ৫ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৮. | হবিগঞ্জ | সদর | রিচি | ৫নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৯. | কুমিল্লা | বুড়িচং | ভারেল্লা (উত্তর) | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪০. | | | বাকশীমূল | চেয়ারম্যান |
| ৪১. | | ব্রাহ্মণপাড়া | মাধবপুর | ৯ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪২. | | | সাহেবাবাদ | ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৩. | | তিতাস | জিয়ারকান্দি | ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৪. | ব্রাহ্মণবাড়িয়া | সদর | বুধল | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৪৫. | | বিজয়নগর | চম্পকনগর | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৬. | | আশুগঞ্জ | লালপুর | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৭. | | | দূর্গাপুর | ৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৮. | ফেনী | পরশুরাম | মির্জানগর | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৪৯. | | সোনাগাজী | বাগদানা | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৫০. | | সদর | কালিদহ | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | পদের নাম |
|---|---|---|---|---|
| | | | | |
| ৫১. | চট্টগ্রাম | কর্ণফুলী | চরপাথরঘাটা | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৫২. | | | জুলধা | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৫৩. | | মীরসরাই | সাহেরখালী | ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |

১৮.০২.১৮
(মোঃ ফরহাদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২